অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আফিম চিকিৎসা কর্মসূচিসমূহের জন্য 7.5 মিলিয়ন মার্কিন ডলারের উপলভ্যতার ঘোষণা করলেন

অনুদানসমূহ নিম্ন সীমার বিউপ্রেনোরফিন সেবা প্রতিষ্ঠা করবে যা স্টেটের আফিম নিষ্পত্তি তহবিলের মাধ্যমে প্রদত্ত প্রথম অর্থপ্রাপ্ত হবে

তহবিল প্রাণঘাতী ওভারডোজ হ্রাস করতে এবং নিউ ইয়র্কের আফিম সঙ্কট সমাধান করতে সার্বিক পন্থাকে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আফিম আসক্তির সমাধান করতে এবং জীবন রক্ষা করতে নিম্ন সীমার বিউপ্রেনোরফিন সেবা প্রতিষ্ঠা করতে স্টেট-প্রত্যয়িত সেবাদানকারীদের এবং অন্যান্য চিকিৎসা কর্মসূচিসমূহের জন্য 7.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে। আসক্তি সেবা ও সমর্থন অফিস (Office of Addiction Services and Supports, OASAS) দ্বারা পরিচালিত এই অনুদানগুলি প্রথম হিসেবে নিউ ইয়র্ক স্টেটের আফিম নিষ্পত্তি তহবিল (Opioid Settlement Fund) ব্যবহার করবে এবং তারা আফিম ব্যবহার রোগের জন্য এই নিরাপদ, কার্যকর চিকিৎসা প্রদানকারী 15টি পর্যন্ত কর্মসূচি গঠনে সাহায্য করবে।

"অনেক বেশি নিউ ইয়র্কবাসী আফিম ওভারডোজ এবং আসক্তির কলঙ্কের কাছে হারিয়ে গেছে," **গভর্নর হোকল বলেন।** "আফিম নিষ্পত্তি তহবিলের মাধ্যমে প্রদত্ত এই তহবিলটি মাদক ব্যবহার রোগে ভুগতে থাকাদের জন্য নতুন আশা আনতে, জীবন রক্ষাকারী চিকিৎসা পাওয়ার প্রতিবন্ধকতা অপসারণ করতে এবং আমাদের স্টেটে আফিম সঙ্কটের পরিস্থিতি বদলে দিতে সাহায্য করবে।"

তহবিলটি নিম্ন সীমার বিউপ্রেনোরফিন সেবা প্রদানের জন্য স্টেটব্যাপী 15টি কর্মসূচিকে 500,000 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করবে। OASAS-প্রত্যয়িত চিকিৎসা সেবা প্রদানকারী, স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health, OMH) ক্লিনিকসমূহ, হাসপাতাল, সিরিঞ্জ সেবা কর্মসূচি, এবং ক্ষতি হ্রাস কর্মসূচিগুলি এই তহবিলের জন্য আবেদন করার উপযুক্ত হবে।

যদিও আফিম ব্যবহার রোগের চিকিৎসার জন্য বিউপ্রেনোরফিন একটি নিরাপদ ও কার্যকর উপায়, বহু সেবাদানকারীর এই চিকিৎসায় প্রবেশ করা ও এটি অব্যাহত রাখার ক্ষেত্রে অনমনীয়

শর্তাবলী রয়েছে, যা পরিণামে এই ওষুধ পাওয়া মানুষের সংখ্যা সীমিত করে দেয়। সার্বিক নিম্ন সীমার সেবা একই দিনে তাৎক্ষনিক বিউপ্রেনোরফিন চিকিৎসা ও চিকিৎসা ব্যবস্থাপনা সেবার অনুমতি প্রদান করার মাধ্যমে এই সমস্যা সমাধানে সাহায্য করবে।

নিউ ইয়র্ক আসক্তি সেবা ও সমর্থন অফিসের কমিশনার ডাঃ শিনাজো কানিংহ্যাম বলেন, "নিম্ন সীমার সেবার মূল হলো ক্ষতি হ্রাস নীতি যার মধ্যে আছে একই দিনে চিকিৎসা, একটি নিন্দাহীন পন্থা, ওষুধ প্রেস্ক্রাইব করার ক্ষেত্রে নমনীয়তা, এবং মানুষ যেখানে আছে সেখানেই তাদের কাছে পৌঁছে দেয়ার জন্য ওষুধের উপলভ্যতা ব্যাপকভাবে বৃদ্ধি করা। উদ্যোগটি হলো স্টেটব্যাপী জনগোষ্ঠী এবং সম্প্রদায়সমূহের কাছে যাতে অতি জরুরি সেবা পাওয়ার সমান সুযোগ থাকে এবং আফিম ব্যবহার রোগের চিকিৎসার সমর্থন থাকে তা নিশ্চিত করার জন্য OASAS-র চলমান প্রতিশ্রুতির অংশ।"

নিউ ইয়র্ক স্টেট আফিম প্রস্তুতকারকদের থেকে বিভিন্ন নিষ্পত্তি চুক্তির মাধ্যমে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি পেয়েছে।এই অর্থের একটি অংশ সরাসরি মিউনিসিপ্যালিটিগুলির কাছে যাবে, অবশিষ্ট অংশ চলমান আফিম মহামারী সমাধানের জন্য প্রতিরোধ, চিকিৎসা, নিরাময়, ক্ষতি হ্রাস এবং শিক্ষা প্রয়াসের সমর্থনে একটি নিবেদিত তহবিলে রাখা হবে।

নিবেদিত তহবিল প্রতিষ্ঠা করা বিধিমালাটি এছাড়াও আফিম নিষ্পত্তি তহবিল উপদেষ্টা বোর্ড (Opioid Settlement Fund Advisory Board) গঠন করেছে, যেটির কাজ হলো কীভাবে যেখানে সবথেকে বেশি প্রয়োজন যেখানে নিষ্পত্তির মার্কিন ডলার বরাদ্দ দেওয়া যায় সে ব্যাপারে সুপারিশ প্রদান করা। বোর্ডের সদস্যরা 1 নভেম্বর তাদের প্রথম সুপারিশ পেশ করে, যেখানে তারা ক্ষতি হ্রাস সেবার সম্প্রসারণকে শীর্ষ অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করে।

নিউ ইয়র্ক 2021 সালেও আফিম সম্পর্কিত মৃত্যুর সাথে সংগ্রাম করে গেছে, এই সপ্তাহে স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) প্রকাশিত একটি প্রতিবেদন অনুযায়ী, স্টেটব্যাপী ওভারডোজ সংশ্লিষ্ট মৃত্যুর মধ্যে সবথেকে বেশি এখন ফেন্টানিল সম্পর্কিত। অন্যান্য মুখ্য আবিষ্কারগুলি হলো:

- আফিম সম্পর্কিত 4,766টি ওভারডোজ মৃত্যু, যা গত বছর থেকে 14 শতাংশ বেশি।
- আফিম ওভারডোজের কারণে 10,430 আউটপেশেন্ট জরুরি বিভাগে আগমন, যা গত বছর থেকে 12.6 শতাংশ বেশি।
- জরুরি মেডিকেল সেবা কর্তৃক ন্যালোক্সন প্রদানের 19,139টি ঘটনা, যা গত বছর থেকে 11.8 শতাংশ বেশি।

আনুমানিক 1,700 প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস এবং নিরাময় কর্মসূচি নিয়ে প্রতি বছর 680,000-র বেশি ব্যক্তিকে সেবাদান করা OASAS দেশের সর্ববৃহৎ মাদক ব্যবহার রোগ চিকিৎসা ব্যবস্থাগুলির একটির তত্ত্বাবধান করে। স্টেটের আফিম চিকিৎসা কর্তৃপক্ষ হিসেবে, OASAS আসক্তি সেবার স্টেট-ফেডারেল সম্পর্কের সমন্বয় করে এবং এছাড়াও বাজেটে প্রদত্ত তহবিল

যাতে তাদের নির্ধারিত উদ্দেশ্যে ব্যবহৃত হয় তা নিশ্চিত করার জন্য নিষ্পত্তি তহবিল তত্ত্বাবধান করাও তাদের দায়িত্ব।

একইভাবে, স্বাস্থ্য বিভাগ স্টেটব্যাপী আফিম অপব্যবহারের চাপ ও নির্ভরশীলতা হ্রাস করতে বিভিন্ন ধরনের ক্ষতি হ্রাস উদ্যোগ অগ্রসর করা অব্যাহত রাখবে। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ম্যাটার্স (New York MATTERS), যা হলো আফিম ব্যবহার রোগসহ ব্যক্তিকে স্থানীয় চিকিৎসা ও ক্ষতি হ্রাস সেবার সাথে সংযুক্ত করে দেওয়ার জন্য একটি ইলেক্ট্রনিক রেফারেল ব্যবস্থা; স্থানীয় স্বাস্থ্য বিভাগ উদ্যোগ (Local Health Department Initiative) যা নিউ ইয়র্ক সিটির বাইরের সর্বোচ্চ ওভারডোজ হারসহ 24টি কাউন্টি স্বাস্থ্য বিভাগকে তহবিল প্রদান করে যাতে তারা প্রাথমিক চিকিৎসা, সংশোধন, ক্ষতি হ্রাস, জরুরি বিভাগ, জননিরাপত্তা বলীয়ান করতে পারে; এবং 900-র বেশি নিবন্ধিত আফিম ওভারডোজ প্রতিরোধ কর্মসূচি।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার জন ম্যাকডোনাল্ড বলেন, "আফিম মহামারী আমেরিকান হিসেবে এবং নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের সকলকে প্রভাবিত করে যাচ্ছে, এবং আফিম আসক্তির চিকিৎসার মাধ্যমে ক্ষতি হ্রাস ও জীবন রক্ষা করার জন্য গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেটে প্রস্তাবিত ইন্টারএজেন্সি পন্থাকে স্বাস্থ্য বিভাগ প্রশংসা করছে। ফলস্বরূপ, স্বাস্থ্য বিভাগ সোশ্যাল মিডিয়া বার্তা এবং অন্যান্য আউটলেটের মাধ্যমে আফিমের ঝুঁকি সম্পর্কে জনগণকে সতর্ক করে যাচ্ছে, নিউ ইয়র্কবাসীকে ওভারডোজের লক্ষণ সনাক্ত করা এবং আফিম ওভারডোজ প্রতিরোধ কর্মসূচির (Opioid Overdose Prevention Program) মাধ্যমে উপলভ্য সংস্থান ব্যবহার করতে এবং বিভাগের নতুন স্টেটব্যাপী কার্যকর ন্যালোক্সন আদেশ মানতে জনগণকে উৎসাহিত করছে।"

সঙ্কট/ ডিটক্স, ইনপেশেন্ট, আবাসিক, বা আউটপেশেন্ট চিকিৎসাসহ উপলভ্য আসক্তির চিকিৎসা OASAS-র চিকিৎসা উপলভ্যতা ড্যাশবোর্ড (Treatment Availability Dashboard) ব্যবহার করে বা এজেন্সির ওয়েবসাইটে খুঁজে পাওয়া যাবে। আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418